



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয় ও বিসিএসআইআর এর মধ্যে গবেষণা চুক্তি স্বাক্ষরিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৪ ফেব্রুয়ারি ২০২১।

বরিশাল বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) এর মধ্যে গবেষণা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার মানকে আন্তর্জাতিক মানদণ্ডে উন্নিতকরণ এবং শিক্ষার্থীদের গবেষণার ক্ষেত্রে অধিকতর সম্প্রসারণের লক্ষ্যে অদ্য ০৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখ বিকাল ৪ টায় ঢাকাস্থ বিসিএসআইআর এর প্রধান কার্যালয়ে এই সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। এর মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিসিএসআইআর এর আন্তর্জাতিক মানের গবেষণাগারগুলো ব্যবহারের সুযোগ পাবে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন, বিসিএসআইআর এর চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আফতাব আলী শেখ, বিসিএসআইআর এর সচিব শাহ আবদুল তারিক, বিসিএসআইআর এর সদস্য মোঃ শওকত আলি, মোঃ জাকের হোসেন, ড. রূপেশ চন্দ্র রয়, পরিচালক ড. সারোয়ার জাহান, বিজ্ঞানী ড. নজরুল ইসলাম ভূইয়া, মোঃ আমিরুল ইসলাম, রিচার্চ কো-অর্ডিনেটর হেমায়েত হোসেন ও বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোঃ খোরশেদ আলম, পদার্থ বিজ্ঞান বিভাগের শিক্ষক মোঃ সাইফ ইসতিয়াক উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস